## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে নিম্নোক্ত বিষয়সমূহে ছাত্র/ছাত্রী ভর্তি করা হইবে এবং তাহাদের নিকট হইতে আগামী ৩/১১/৮৮ইং তারিখ পর্যন্ত নির্ধারিত ফরমে আবেদনপত্র গ্রহণ করা হইবে। এই আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তরে নগদ ২৫/- জমা দিয়া এবং ভর্তির শিক্ষাগত যোগ্যতার গ্রহণযোগ্য দলিলপত্রাদি প্রদর্শন করিয়া সংশ্লিষ্ট দপ্তর হইতে সংগ্রহ করিতে হইবে।

| | | |
|---|---|---|
| (ক) কলা অনুষদ | : | বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, চারুকলা (নাট্যকলা ও চিত্রকলা), আরবী, পালি এবং সংস্কৃত। |
| (খ) বিজ্ঞান অনুষদ | : | পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদবিদ্যা এবং প্রাণীবিদ্যা। |
| (গ) বাণিজ্য অনুষদ | : | হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা। |
| (ঘ) সমাজ বিজ্ঞান অনুষদ | : | অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব এবং লোক প্রশাসন। |

ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

১ (ক) যে সকল ছাত্র/ছাত্রী মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) এই তিনটি পরীক্ষায় নিম্নোক্ত হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) পয়েন্ট পাইয়াছে এবং ভর্তি ইচ্ছুক বিষয়ে বা ইহার অনুমোদিত সম্পর্কিত বিষয়ে স্নাতক (পাস) পরীক্ষায় ৩০০ নম্বরের পরীক্ষায় কমপক্ষে ১২০ নম্বর পাইয়াছে অথবা ১০০ নম্বরের পরীক্ষায় কমপক্ষে ৪০ নম্বর পাইয়াছে, তাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য নির্ধারিত ফরমে প্রয়োজনীয় দলিলপত্রাদির প্রত্যায়িত ফটোকপিসহ উক্ত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দফতরে আবেদনপত্র জমা দিতে পারিবে।

নোট : (১) যে সকল ছাত্র/ছাত্রী বি, এ, (পাস) পরীক্ষায় 'বাংলা' বিষয়ে কমপক্ষে শতকরা ৪০ নম্বর পাইয়াছে, তাহাদিগকে ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে 'ইংরেজী, পালি ও সংস্কৃত' বিষয়ের প্রিলিমিনারী কোর্সে ভর্তি করা হইবে।

(২) ভর্তি ইচ্ছুক বিষয়ে যদি স্নাতক (পাস) পরীক্ষায় ভর্তির প্রয়োজনীয় নম্বর না থাকে সেই ক্ষেত্রে ভর্তিচ্ছুক বিষয়ের অনুমোদিত সম্পর্কিত বিষয়ের নম্বরের উপর ভিত্তি করিয়া কাহাকেও ভর্তি করা হইবে না।

যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮৭ সালের স্নাতক (পাস) পরীক্ষায় "রেফার্ড" পাইয়াছে তাহাদিগকে উক্ত কোর্সে সাময়িকভাবেও ভর্তি করা হইবে না।

: উক্ত পরীক্ষাসমূহ পাসের মান :

১) প্রথম বিভাগের মান হইবে—তিন পয়েন্ট
২) দ্বিতীয় বিভাগের মান হইবে—দুই পয়েন্ট
৩) তৃতীয় বিভাগের/স্নাতক (পাস) পরীক্ষার রেফার্ড পরীক্ষা পাশের/অনার্স পরীক্ষায় স্নাতক (পাস) ডিগ্রী প্রাপ্তদের মান হইবে—এক পয়েন্ট।

(খ) ৩য় বর্ষ অনার্স ফাইন্যাল পরীক্ষায় "পাস" ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের অনার্স ফাইন্যাল পরীক্ষায় স্নাতক (পাস) ডিগ্রী পাইয়াছে কিন্তু তাহারা উক্ত পরীক্ষা পাসের মান উন্নয়নের জন্য ১৯৮৬ সালের অনার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করিবে না বা যাহারা ইতিপূর্বে উক্ত অনার্স পরীক্ষা পাসের মান উন্নয়ন করে নাই, তাহাদের মধ্যে যাহাদের ভর্তির উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার পাঁচ পয়েন্ট আছে, তাহারা যে বিষয়ে অনার্স ফাইনাল পরীক্ষায় স্নাতক (পাস) ডিগ্রী পাইয়াছে, সেই বিষয়ের প্রিলিমিনারী কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরমে প্রয়োজনীয় দলিলপত্রাদিসহ উক্ত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তরে আবেদনপত্র জমা দিতে পারিবেন। তাহাদের ভর্তির বেলায় ভর্তি ইচ্ছুক বিষয়ে নম্বর শর্ত প্রযোজ্য হইবে না।

(গ) এই কোর্সের পুরাতন ছাত্র/ছাত্রীদের পুনঃ ভর্তির নিয়মাবলী :

যে সকল ছাত্র/ছাত্রী অত্র বিশ্ববিদ্যালয়ের মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে ভর্তি হইয়া প্রয়োজনীয়সংখ্যক ক্লাসে উপস্থিতি না থাকার কারণে উক্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না সেইক্ষেত্রে সংগত কারণ দেখাইয়া সংশ্লিষ্ট বিভাগীয় একাডেমিক কমিটি উক্ত ছাত্র/ছাত্রীকে পুনঃ ভর্তির সুপারিশ করিলে সেই ছাত্র/ছাত্রীকে সংশ্লিষ্ট বিষয়ে শুধুমাত্র এই বৎসর অর্থাৎ ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে ভর্তির নির্ধারিত সময়ের মধ্যে বিনা ভর্তি পরীক্ষায় নির্ধারিত আসনের বাহিরে ভর্তি ফরম প্রসেসের মাধ্যমে পুনঃ ভর্তি করা হইবে।

বা একাধিক দলিল ভর্তি ফিস জমা দেওয়ার পর জমা দেওয়া যাইবে—এই শর্তে কাহাকেও ভর্তি ফিস জমা দেওয়ার অনুমতি দেওয়া হইবে না।

৫ (ক)। ভর্তি পরীক্ষায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীকে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে মূল ভর্তি ফরম নিজ দায়িত্বে বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে সংগ্রহ করিয়া ইহা যথাযথভাবে পূরণপূর্বক ভর্তির প্রয়োজনীয় দলিলপত্রাদির প্রত্যায়িত ফটোকপিসহ বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সময়সীমার মধ্যে বিভাগীয় চেয়ারম্যানের দপ্তরে জমা দিতে হইবে। অন্যথায় তাহাদের ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তাহাদের পরিবর্তে অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

(খ) ইহাছাড়াও ভর্তি ফরমের উপর বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে যে সকল ছাত্র-ছাত্রী ভর্তি ফিস জমাদান করিবে না, তাহাদের ভর্তির নির্বাচনও সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তাহাদের পরিবর্তে অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

(গ) কোন ছাত্র/ছাত্রী মূল ভর্তি ফরমে/কার্ডে কোন তথ্য গোপন করিয়া অথবা মিথ্যা তথ্য প্রদান করিয়া ভর্তি হইলে ইহাকে অপরাধ হিসাবে গণ্য করা হইবে এবং তজ্জন্য তাহাকে শাস্তি ভোগ করিতে হইবে।

(ঘ) ভর্তি ফরমের ও কার্ডের কোন কলাম অপূরণীয় থাকিলে তাহাকে ভর্তি করা হইবে না এবং তজ্জন্য সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীরাই দায়ী থাকিবে।

(ঙ) চাকুরীজীবী ভর্তি প্রার্থীকে তাহার চাকুরীতে নিয়োগকারীর নিকট হইতে অবশ্যই ভর্তি হওয়ার ও ছুটি প্রদানের নিশ্চয়তা সম্বলিত লিখিত অনুমতি গ্রহণ করিয়া ইহা ভর্তি ফরমের সংগে সংযোজন করিয়া দিতে হইবে। অন্যথায় ভর্তি করা হইবে না।

(চ) ভর্তির প্রয়োজনীয় মূল দলিলপত্রাদি যাচাই করিবার জন্য অফিস খোলা থাকার দিন সকাল ৮ ঘটিকা হইতে বিকাল ১ ঘটিকা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখা গ্রহণ করিবে। উক্ত সময়-এর পর দলিলপত্রাদি যাচাই করিবার জন্য গ্রহণ করা হইবে না।

(ছ) ভর্তি ফরমের উপর ভর্তি ফিস জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান যে শেষ তারিখ প্রদান করিবেন সেই তারিখের পূর্বদিন অথবা পূর্বদিনের পূর্বে অফিস খোলা থাকার দিন ভর্তির প্রয়োজনীয় সমস্ত মূল দলিলপত্রাদি যাচাই করিবার জন্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখায় সকাল ৮ ঘটিকা হইতে বিকাল ১ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। অন্যথায় ভর্তি ফিস জমা দেওয়ার অনুমতি প্রদান করা যাইবে না।

৬। যেহেতু ভর্তির আসন ও সময় সীমিত, সেইহেতু যেই সকল ছাত্র/ছাত্রী ভর্তির সমস্ত আনুষংগিকতা আগে সম্পন্ন করিবে, তাহাদিগকে আগে ভর্তি করা হইবে।

৭। উপ-জাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হইয়াছে। এই ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের সহিত যোগাযোগ করিবার জন্য পরামর্শ দেওয়া যাইতেছে।

৮। চারুকলা, আরবী, পালি ও সংস্কৃত বিষয়ে ভর্তির ব্যাপারে আলাদা যোগ্যতা নির্ধারণ করা হইয়াছে। ইহা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

৯। ভর্তি সংক্রান্ত যাবতীয় বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করিতে হইবে।

রেজিষ্ট্রার,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

গ—২৩২৮,

024